

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৪৬

৭/ হাজ্জ (হজ্জ/হজ) (الحج)

পরিচ্ছেদঃ ২৫. ইহরামধারী ব্যক্তির শিকারের গোশত খাওয়া প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي أَكْلِ الصَّيْدِ لِلْمُحْرِمِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَمْرِو بْنِ أَبِي عَمْرٍو، عَنِ الْمُطَّلِب، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " صيَيْدُ الْبَرِّ لَكُمْ حَلاَلٌ وَأَنْتُمْ حُرُمٌ مَا لَمْ تَصِيدُوهُ أَوْ يُصِدُ لَكُمْ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي قَتَادَةَ وَطَلْحَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِرٍ حَدِيثُ مُفَسَّرٌ . وَالْمُطَّلِبُ لاَ نَعْرِفُ لَهُ سَمَاعًا مِنْ جَابِرٍ . وَالْمُطَّلِبُ لاَ نَعْرِفُ لَهُ سَمَاعًا مِنْ جَابِرٍ . وَالْمُطَلِبُ لاَ يَرَوْنَ بِأَكْلِ الصَيْدِ لِلْمُحْرِمِ بَأْسًا إِذَا لَمْ وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ لاَ يَرَوْنَ بِأَكْلِ الصَيْدِ لِلْمُحْرِمِ بَأْسًا إِذَا لَمْ وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضَ أَهْلِ الْعِلْمِ لاَ يَرَوْنَ بِأَكْلِ الصَيْدِ لِلْمُحْرِمِ بَأْسًا إِذَا لَمْ يَصْطَدُهُ أَوْ لَمْ يُصْطَدُهُ أَوْ لَمْ يُصَطَدُهُ أَوْ لَمْ يُصَمِّلُ مَلُ أَبُو عِيسَى هَذَا أَحْسَنُ حَدِيثٍ رُوكِيَ فِي هَذَا الْبَابِ وَأَفْسَرُ وَالْعَمَلُ عَلَى هَذَا وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

৮৪৬। জাবির (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ইহরাম অবস্থায়ও স্থলভাগের শিকারকৃত প্রাণীর মাংস তোমাদের জন্য বৈধ, যদি না তোমরা নিজেরা তা শিকার করে থাক বা তোমাদের উদ্দেশে তা শিকার করা হয়।

যঈফ, মিশকাত, তাহকীকৃ ছানী (২৭০০)

এ অনুচ্ছেদে আবৃ কাতাদা ও তালহা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবৃ ঈসা বলেন, জাবির (রাঃ) বর্ণিত হাদীসটি একটি বিস্তারিত বর্ণনা। মুক্তালিব জাবির (রাঃ)-এর হাদীস শুনেছেন কি-না তা আমাদের জানা নেই। একদল আলিমের মতে যদি মুহরিম ব্যক্তি নিজে শিকার না করে বা তার উদ্দেশে শিকার না করা হয় তবে তার জন্য এর মাংস খাওয়াতে কোন সমস্যা নেই। ইমাম শাফিঈ (রাহঃ) বলেন, এ অনুচ্ছেদে যতগুলো হাদীস বর্ণিত আছে তার মধ্যে এটি সবচেয়ে উত্তম এবং খুব বেশী যুক্তিসম্মত। এ হাদীস অনুযায়ী আমল করতে হবে। ইমাম আহমাদ ও ইসহাক (রাহঃ)-এরও উক্ত অভিমত।



English

Jabir bin Abdullah narrated that:

The Prophet said: "The land game is lawful for you while you are in Ihram as long as you did not hunt it - or - it was not hunted for you."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন